# এইচ এস সি ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র** বিষয় কোড : ২ ৭ ৮

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** রূপম গ্রুপের ব্যবস্থাপক শাহেদুর রহমান কার্যের প্রকৃতি অনুযায়ী কার্যবিভাজন করেন। তিনি যোগ্য কর্মী নির্বাচন করে উপযুক্ত কর্মে নিয়োজিত করেন। শাহেদুর রহমান কর্মীদেরকে কেবল দায়িত্বই প্রদান করেন না সাথে সাথে যথাযথ কর্তৃত্বও প্রদান করেন। প্রতিষ্ঠানের বস্তুগত ও অবস্তুগত উপাদানসমূহ একত্রিত করে একেক কর্মীদের উপর অর্পিত দায়িত্বের সবসময় খোঁজ-খবর নেন। কর্মীরাও প্রশ্নের সম্মুখীন হতে হবে ভেবে মনোযোগ দিয়ে কাজ করেন। এতে প্রতিষ্ঠানটি সফলতা অর্জনের পথে ধাপে ধাপে এগিয়ে যাচ্ছে।

ক. ব্যবস্থাপনা স্তর কী? ১

খ. ব্যবস্থাপনায় প্রেষণা এত গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে শাহেদুর রহমান ব্যবস্থাপনার কোন কার্যের সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩

ঘ. রূপম গ্রুপের সফলতার পিছনে কীসের ভূমিকা অপরিসীম? তোমার উত্তরের যথার্থতা মূল্যায়ন করো। ৪

**২.▶** পদ্মা ফ্যাশন একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। এটি ঢাকার উত্তরা এলাকায় অবস্থিত। প্রতিষ্ঠানটি প্রতিবছর তৈরি পোশাক বিভিন্ন দেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করছে। বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানে নিযুক্ত সর্বস্তরের কর্মীদের সিদ্ধান্ত গ্রহণে প্রাধান্য দেয়। কিন্তু বর্তমানে এরূপ কার্যক্রমের জন্য প্রতিষ্ঠানের অভ্যন্তরে কর্মীদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে। এ অবস্থা মোকাবেলার জন্য পদ্মা ফ্যাশন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. ব্যবস্থাপনা চক্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ কার্য কী?

খ. ব্যবস্থাপনায় নির্দেশনায় নির্দেশনার ঐক্য পালিত হয় কেন? ২

গ. উদ্দীপকের পদ্মা ফ্যাশনে কোন নীতির অনুপস্থিতি দেখা দিয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আলোচিত উদ্দীপকে পদ্মা ফ্যাশনের কর্মীদের অসন্তোষ দূরীকরণে উক্ত নীতির প্রয়োজনীয়তা আছে কি? পঠিত বিষয়ের আলোকে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

**৩.▶** ARK কোম্পানি সিদ্ধান্ত অনুসারে ২০১২ থেকে ২০১৬ সালের মধ্যে বিভিন্ন পর্যায়ে ১,০০০ কর্মী নিয়োগ ও প্রশিক্ষণের কার্য সফলভাবে সম্পাদন করে। খুলনায় কোম্পানির নতুন শাখা স্থাপনের ফলে দ্রুত সভা থেকে কর্মরত কর্মচারী ও কর্মকর্তাদের মধ্য হতে ১০ জনকে পদোন্নতি দিয়ে সেখানে প্রেরণ করা হলো। পদোন্নতি বঞ্চিতরা সুনির্দিষ্ট রীতি, নীতি ও প্রক্রিয়া অনুসরণপূর্বক পদোন্নতির দাবি তুলল। অবশেষে কর্তৃপক্ষের আশ্বাসে পরিস্থিতি স্বাভাবিক হলো।

ক. প্রশাসন সংগঠনের কী সৃষ্টি করে? ১

খ. নিয়ন্ত্রণের ব্যাপ্তি প্রতিষ্ঠানের কতদূর পর্যন্ত পরিব্যপ্ত? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ARK কোম্পানির নিয়োগ ও প্রশিক্ষণ সময়ভিত্তিক কোন পরিকল্পনার অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানে পদোন্নতি বঞ্চিতরা কোন ধরনের পরিকল্পনার জন্য আন্দোলন করেছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দিয়ে ব্যাখ্যা করো। ৪

**৪.▶** "চৌধুরী এন্ড চৌধুরী সন্স" একটি স্বনামধন্য প্রতিষ্ঠান। বর্তমানে প্রতিষ্ঠানটিতে ৩০ জন নতুন কর্মীর প্রয়োজন। সরকারি ব্যবস্থাপক ও শ্রমিক ইউনিয়ন কর্তৃপক্ষ তাদের পরিচিতির মধ্য থেকে ২০ জন ও ১০ জন কর্মী বাছাই করে এবং একই দিনে তাদের কর্মস্থলে যোগ দিতে বলে। পাঁচ বছর পর কর্তৃপক্ষ এই ৩০ জনের মধ্য থেকে ফ্লোর

http://teachingbd.com

ইনচার্জের তিনটি শূন্যপদে তিন জনকে পদোন্নতি দেয়ার প্রয়োজনীয়তা অনুভব করেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের দক্ষতা উন্নয়নকেই তাঁরা সর্বোচ্চ প্রাধান্য দিতে চান।

ক. বাজেট কী? ১

খ. কর্মী সংস্থান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে চৌধুরী এন্ড চৌধুরী সন্স কোন উৎস থেকে কর্মী সংগ্রহ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে শূন্য পদসমূহে কিসের ভিত্তিতে পদোন্নতি দেওয়া উচিত বলে তুমি মনে করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ জনাব আলী আজম তাঁর প্রতিষ্ঠান "আজম গ্রুপ"-এ নির্বাহী কর্মকর্তার পাশাপাশি সহকারী নিয়োগ করেন। এতে নির্বাহীগণ নিজ নিজ ক্ষেত্রে শক্তি ও ক্ষমতা প্রয়োগ করতে পারেন। সম্প্রতি তাদের প্রতিষ্ঠান সম্প্রসারণ করে বহুমুখী পণ্যের উৎপাদনের লক্ষ্যমাত্রা স্থির করায় পরিচালক তাদের সংগঠন কাঠামোর পরিবর্তনের কথা ভাবছেন।

ক. সংগঠন কাঠামো কী? ১

খ. রণনৈতিক পরিকল্পা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জনাব আলী আজমের প্রাথমিক অবস্থায় সাংগঠনিক কাঠামোর ধরনটি কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. বহুমুখী পণ্য উৎপাদনের ক্ষেত্রে পরিচালক কোন ধরনের সংগঠন কাঠামো প্রণয়ন করলে প্রতিষ্ঠানের জন্য মঙ্গলজনক হবে? যুক্তি দিয়ে বিশ্লেষণ করো। ৪

৬.▶ "স্টার টেক্সটাইল লি." একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের প্রায় ১,৫০০ জন কর্মী কাজ করে। প্রতিষ্ঠানের ব্যবস্থাপক মনে করেন কর্তৃপক্ষের অধিক সহানুভূতিশীলতার সুবাদে কর্মীরা অলস হয়ে পড়েছে এবং কর্মীরা কাজ এড়িয়ে চলায় প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতা হ্রাস পেয়েছে। তাই তিনি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কর্মীদের থেকে কাজ আদায় করতে চান এবং কোনো পরিকল্পনা প্রণয়নে কর্মীদের অংশগ্রহণের সুযোগ না দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. নেতৃত্ব কী? ১

খ. লক্ষ্য অর্জনে "একতাই বল" নীতি গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে ক্ষমতা প্রয়োগের ধরন বিচারে "স্টার টেক্সটাইল লি.-এ কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান আছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বর্তমান পরিস্থিতিতে উল্লিখিত প্রতিষ্ঠান যে ধরনের নেতৃত্ব গ্রহণের কথা ভাবছে তা কী? তুমি কি উক্ত পদক্ষেপ গ্রহণ যৌক্তিক মনে করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ মিন্টু মিয়া একটি প্রতিষ্ঠানের ইলেকট্রিশিয়ান। প্রতিদিন ঝুঁকি নিয়ে তাকে প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের কাজ করতে হয়। পরিবারের সদস্যরা তার কাজ নিয়ে সবসময় উদ্বিগ্ন থাকে। মিন্টু মিয়া বিষয়টি নিয়ে প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপকের সাথে আলাপ করল। প্রতিষ্ঠান তার বিষয় চিন্তা করে সিদ্ধান্ত নিল যে, এ বছর তার বেতন না বাড়িয়ে প্রতিষ্ঠানের খরচে একটি জীবন বিমাপত্র খুলে দেবে। এতে মিন্টু মিয়ার কাজে আগ্রহ বেড়ে গেল।

ক. X ও Y তত্ত্বের প্রবর্তক কে? ১

খ. প্রেষণা ঋণাত্মক হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মিন্টু মিয়াকে কোন ধরনের প্রেষণা প্রদান করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মিন্টু মিয়াকে বিমার সুবিধা প্রদানে-মাসলোর প্রেষণা তত্ত্বের কোন চাহিদা পূরণ হয়েছে? তা কি তার জন্য সঠিক হয়েছে? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৮.▶ XY কোম্পানি লি. একটি সাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান। তারা সাইকেলের বিভিন্ন পার্টস অন্য প্রতিষ্ঠান থেকে ক্রয় করে আনে। কোম্পানির ব্যবস্থাপক দেখলেন

http://teachingbd.com

পার্টস শেষ হয়ে যাওয়ার আগে পুনরায় ক্রয় করতে না পারার কারণে উৎপাদন কিছু সময় থেমে থাকে। তাই তিনি এ ক্ষেত্রে একটি কম্পিউটার সফটওয়্যার ব্যবহার করলেন যেখানে স্বয়ংক্রিয়ভাবে কখন কতটি পার্টস ব্যবহৃত হচ্ছে এ সংক্রান্ত তথ্য সংরক্ষিত হয় যেন আগে থেকে পুনরায় ফরমায়েশ প্রদানের ব্যাপারে ব্যবস্থাপক সতর্ক হতে পারেন।

ক. যোগাযোগ কী? ১

খ. ঊর্ধ্বগামী যোগাযোগ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত কোম্পানিতে কোন ধরনের প্রযুক্তি ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত কোম্পানির ব্যবসায় কি অনলাইন ব্যবসায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

**৯.▶** "তাজ কোম্পানির" বোর্ড সভায় কোম্পানির পরবর্তী বছরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তা বিভাগীয় ব্যবস্থাপকদের অবহিত করা হয়। বিভাগীয় ব্যবস্থাপকগণ নিজ নিজ বিভাগের পরিকল্পনা করলেও আন্তঃবিভাগীয় পরিকল্পনায় পারস্পরিক সংহতির অভাবে বিশৃঙ্খলা দেখা দেয়। বিষয়টি বোর্ডের নজরে এলে উৎপাদন ব্যবস্থাপককে প্রধান করে বিভাগীয় কর্মকাণ্ডের মধ্যে সংহতি রক্ষার জন্য একটি স্থায়ী কমিশন গঠন করে দেয়।

ক. সমন্বয় কী? ১

খ. "সমন্বিত পরিকল্পনা সমন্বয়ের কাজকে কী সহজ করে।" বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের কোম্পানিতে সমন্বয়ের কোন নীতি অনুসৃত না হওয়ার কারণে বিশৃঙ্খলা দেখা দেয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "বোর্ড কর্তৃক স্থায়ী কমিশন গঠন করায় ভবিষ্যতে বিশৃঙ্খলা হ্রাস পাবে।"- এ বিষয়ে তুমি কি একমত? যুক্তিসহ মূল্যায়ন করো। ৪

**১০.▶** জনাব শিহাব একটি শিল্প প্রতিষ্ঠানের জিএম হিসেবে কর্মরত রয়েছেন। তাঁর প্রতিষ্ঠানের সকল ব্যক্তি, বিভাগ ও উপবিভাগগুলো সম্পর্কযুক্ত হয়ে কাজ করে। কিন্তু বিক্রয় বিভাগের ব্যবস্থাপক অতিরিক্ত কাজের চাপে থাকার কারণে প্রতিষ্ঠানের মালিক উক্ত বিষয়ে দক্ষ একজন কর্মী নিয়োগ দেন। এর ফলে বিক্রয় বিভাগের ব্যবস্থাপকগণ যেকোনো সমস্যা দ্রুত সমাধান করতে পারে।

ক. আনুষ্ঠানিক নেতৃত্ব কী? ১

খ. কমিটি সংগঠন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জনাব শিহাবের প্রতিষ্ঠানে সংগঠনের কোন নীতির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব শিহাবের প্রতিষ্ঠানে নতুন সিদ্ধান্তে যে ধরনের সংগঠন কাঠামো গড়ে উঠবে তা কী? তার কার্যকারিতা বিশ্লেষণ করো। ৪

**১১.▶** জনাব আশিক 'সানশাইন গার্মেন্টস'-এর একজন মালিক ও পরিচালক। তিনি তাঁর প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণের কৌশল হিসেবে বিভিন্ন কাজের শুরু ও শেষের সময়কে তালিকার মাধ্যমে প্রদর্শন করেন। তবে তিনি প্রতিষ্ঠানের পোশাকের মান ISO-9000 অনুসরণ করে সংরক্ষণ করেন"। এর ফলে তাঁর প্রতিষ্ঠানের পোশাক দেশে-বিদেশে সমাদৃত হয়েছে।

ক. ব্রেক-ইভেন বিন্দু কী? ১

খ. নিয়ন্ত্রণকে কেন পরবর্তী পরিকল্পনার ভিত্তি বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব আশিফ তাঁর প্রতিষ্ঠানে নিয়ন্ত্রণের কোন কৌশল ব্যবহার করেন? বর্ণনা করো। ৩

ঘ. জনাব আশিকের ISO-9000 অনুসরণ করায় তার প্রতিষ্ঠানে নিয়ন্ত্রণের কোন নীতির প্রয়োগ হয়েছে বলে তুমি মনে করো? উদ্দীপকের অলোকে বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড : | ২ | ৭ | ৮ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. প্রকল্প কোন ধরনের পরিকল্পনা?
ক লক্ষ্য খ স্থায়ী
গ একার্থক ঘ বিশেষ

২. জোড়া-মই-শিকল নীতি নিচের কোন বিষয়ের সাথে সম্পৃক্ত?
ক নিয়মানুবর্তিতা খ কর্তৃত্ব প্রবাহ
গ ভারসাম্য ঘ সাম্যতা

৩. প্রতিষ্ঠানের সমন্বয়ের ক্ষেত্রে বিদ্যমান থাকতে হবে—
i. নমনীয়তা ii. ধারাবাহিকতা
iii. নির্ভরশীলতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪. একাধিক পণ্য উৎপাদনকারী একটি বৃহদায়তন প্রতিষ্ঠানের জন্য কোন ধরনের সংগঠন কাঠামো উপযোগী?
ক সরলরৈখিক খ কার্যভিত্তিক
গ মেট্রিক্স
ঘ সরলরৈখিক ও উপদেষ্টাকর্মী

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. আলী 'রেড চিলি' কোম্পানির সহকারী মহাব্যবস্থাপক। সারা বাংলাদেশব্যাপি প্রতিষ্ঠানটির বিক্রয় দ্রুত বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে প্রতিষ্ঠানটির সংগঠন কাঠামো নিম্নরূপ:




৫. রেডচিলি কোম্পানির সংগঠন কোন ধরনের?
ক সরলরৈখিক
খ সরলরৈখিক ও পদস্থ কর্মী
গ মেট্রিক্স ঘ কার্যভিত্তিক

৬. মি. আলী কোন কোন ধরনের অসুবিধার সম্মুখীন হচ্ছেন?
i. বিশেষায়ণের অভাব ii. কার্যভার লাঘব
iii. কার্যভার বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. নিচের কোনটি আর্থিক প্রেষণার উপাদান?
ক কার্যপরিবেশ খ বোনাস
গ নিরাপত্তা ঘ সুনাম

৮. আব্রাহাম মাসলোর প্রদত্ত চাহিদা সোপানতত্ত্ব অনুসারে সামাজিক চাহিদার পরবর্তী চাহিদা কী?
ক জৈবিক খ আত্মপ্রতিষ্ঠা
গ নিরাপত্তা ঘ আত্মতৃপ্তি

৯. যোগাযোগ প্রক্রিয়ার সর্বশেষ পর্যায় কোনটি?
ক সংবাদ প্রেরণ খ সংবাদ গ্রহণ
গ ফলাবর্তন ঘ মাধ্যম নির্বাচন

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব জহির একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের পরিকল্পনা বাস্তবায়নের জন্য কর্মীদের সাথে বিভিন্ন বিষয় নিয়ে আলাপ আলোচনা করেন। প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য সুকৌশলে তা বাস্তবায়নের জন্য নতুন নতুন উপায় উদ্ভাবন করেন।

১০. উদ্দীপকে বর্ণিত জনাব জহিরের ব্যবস্থাপক হিসেবে কোন গুণটি পরিলক্ষিত হয়েছে?
ক শিক্ষা ও প্রশিক্ষণ
খ সুদূরপ্রসারী কল্পনা শক্তি
গ সহযোগিতার মনোভাব
ঘ কূটনৈতিক জ্ঞান

১১. উদ্দীপকে জনাব জহির আদর্শ ব্যবস্থাপক হিসেবে যে ভূমিকা পালন করেছেন তা হলো—
i. তথ্যভিত্তিক ভূমিকা
ii. আন্তঃব্যক্তিক ভূমিকা
iii. সিদ্ধান্তমূলক ভূমিকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. নিয়ন্ত্রণের মূল উদ্দেশ্য কোনটি?
ক অপচয় হ্রাস
খ গুণগতমান নিশ্চিত করা
গ দক্ষতা পরিমাপ করা
ঘ জবাবদিহিতা নিশ্চিত করা

১৩. PERT শব্দের পূর্ণরূপ কোনটি?
ক Program Evaluation and Review Technique
খ Program Evaluation and Research Techique
গ Program Evaluation and Review Term
ঘ Program Evaluation and Rapid Technique

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**

পদ্মা নামক ব্যাংকে ২০ জন নবনির্বাচিত প্রবেশনারি অফিসার যোগদান করেছেন। তাদেরকে ব্যাংকিং বিভিন্ন কাজে দক্ষ করে তোলার জন্য কর্তৃপক্ষ আরও প্রশিক্ষণের চিন্তা ভাবনা করছেন।

Teachingbd.com

১৪. উদ্দীপকে বর্ণিত ব্যাংকে অফিসারদের নিয়োগটি কোন ধরনের?
ক) স্থায়ী খ) চুক্তিভিত্তিক
গ) অস্থায়ী ঘ) সাময়িক

১৫. নবনির্বাচিত অফিসারদের কোন ধরনের প্রশিক্ষণ প্রদান করা উচিত?
i. প্রবেশনারি ii. পদ আবর্তন
iii. পর্যবেক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i ও ii

১৬. কর্তৃত্বের সাথে কোনটি নিবিড়ভাবে জড়িত?
ক) নিয়মানুবর্তিতা খ) দায়িত্ব
গ) জবাবদিহিতা ঘ) কার্যবিভাজন

১৭. পরিকল্পনা কীসের মাধ্যমে ঝুঁকি ও অনিশ্চয়তা দূর করে?
ক) অর্থ খ) দিকনির্দেশনা
গ) শ্রম ঘ) পূর্বানুমান

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আজমল একটি বহুজাতিক কোম্পানির ব্যবস্থাপক। তিনি কাজ আদায়ের ব্যাপারে ব্যবস্থাপনার নীতিসমূহ অনুসরণ করেন। প্রত্যেকের দায়-দায়িত্ব স্পষ্ট। তার সুষ্ঠু ব্যবস্থাপনার ফলে কোম্পানির সব কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নিজ নিজ কাজের ব্যাপারে সচেতন থাকেন।

১৮. উদ্দীপকের জনাব আজমল কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ব্যবস্থাপনার কোন নীতিটি প্রতিষ্ঠা করতে পেরেছেন?
ক) ন্যায্য পারিশ্রমিক খ) চাকরির স্থায়িত্ব
গ) কর্তৃত্ব ও দায়িত্ব ঘ) কেন্দ্রীকরণ

১৯. জনাব আজমলের গৃহীত পদক্ষেপের ফলে প্রতিষ্ঠানের পক্ষে যা অর্জন করা সম্ভব হবে—
i. আদেশের ঐক্য ii. গবেষণা ও উন্নয়ন
iii. প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. পরিকল্পনার বাস্তবায়ন কীসের ওপর নির্ভরশীল?
ক) সমন্বয়ের ওপর খ) যোগাযোগের ওপর
গ) নির্দেশনার ওপর ঘ) পরিবেশের ওপর

২১. নেতার সাফল্য লাভে ব্যাপক সহায়তা করে—
ক) কর্মতৎপরতা খ) স্বাধীনচেতা
গ) উদ্যোগী ঘ) উদ্যোম

২২. কোনটি প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগ ও উপবিভাগের মধ্যে সংহতি আনয়ন করে?
ক) পরিকল্পনা খ) সংগঠন
গ) সমন্বয়সাধন ঘ) নিয়ন্ত্রণ

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
রূপসা মার্কেটেস-এর মালিক জনাব কবীর সাহেব তাঁর প্রতিষ্ঠানের উৎপাদন কার্যাবলি সম্পর্কে বেশ মনোযোগী। তার অন্যান্য কাজ থাকা সত্ত্বেও প্রতিদিনই তিনি তাঁর প্রতিষ্ঠানটি পরিদর্শনে আসেন এবং ভারপ্রাপ্ত ব্যবস্থাপকের নিকট থেকে কার্যের বিবরণী সম্পর্কে ধারণা নেন।

২৩. উদ্দীপকের কবীর সাহেবের এ কাজকে কী বলে?
ক) নিয়ন্ত্রণ প্রক্রিয়া খ) নিয়ন্ত্রণের কৌশল
গ) নিয়ন্ত্রণের পর্যবেক্ষণ ঘ) নিয়ন্ত্রণের বৈশিষ্ট্য

২৪. তিনি তার কাজের মধ্য দিয়ে যে বিষয় সম্পর্কে অবগত হন তা হলো—
i. উৎপাদনের পরিমাণ ii. কর্মীদের কাজের মান
iii. কর্মীদের কাজের গতি
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. প্রেষণার মূল বিষয়বস্তু কী?
ক) কর্মীদের মনোযোগ খ) কর্মীদের ইচ্ছাশক্তি
গ) উপযুক্ত মজুরি ঘ) মানুষের প্রয়োজন

২৬. তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা যায় কীভাবে?
ক) নির্দেশনার মাধ্যমে খ) সমন্বয়ের মাধ্যমে
গ) যোগাযোগের মাধ্যমে
ঘ) ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
সুনির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের নিমিত্তে কোনো ব্যক্তি বা দলের আচরণ, মনোভাব ও কর্মকাণ্ডের ওপর প্রভাব বিস্তারের প্রক্রিয়াটি হচ্ছে নেতৃত্ব। ব্যবসায় প্রতিষ্ঠানের সফলতার জন্য ব্যবস্থাপনায় নেতৃত্বদানের ভূমিকা অপরিসীম।

২৭. নেতৃত্ব হচ্ছে অধস্তনদের পরিচালিত করার এমন একটি কৌশল যার মাধ্যমে—
i. দলীয় উদ্দেশ্য অর্জন সহজ হয়
ii. সাংগঠনিক উদ্দেশ্য অর্জিত হয়
iii. সাধারণ জনগণের ইচ্ছা পূরণ করা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. পরিবর্তনশীল সমাজে টিকে থাকার জন্য কর্মীদের কোনটি পরিবর্তন করা প্রয়োজন?
ক) উৎসাহ খ) শারীরিক অবস্থা
গ) দৃষ্টিভঙ্গি ঘ) প্রত্যাশা

২৯. বাসস্থান সুবিধার ফলে কর্মীদের কাজে উৎসাহিত হওয়ার কারণ কী?
ক) নিরাপত্তাবোধ খ) সুস্বাস্থ্য বজায় থাকে
গ) মর্যাদা বৃদ্ধি ঘ) চাকরির স্থায়িত্ব

৩০. পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণের মতো প্রথমেই কোন পদক্ষেপটি গ্রহণ করতে হবে?
ক) ব্যবস্থাপনার খ) সমন্বয়সাধনের
গ) প্রেষণার ঘ) নেতৃত্বের

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd.com